

## 📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১৭৬৫

৪. সাওম অধ্যায় (كتاب الصوم)

পরিচ্ছেদঃ ২৪. রোযাদারের বমি করা

### بَابُ الْقِيءِ لِلصَّائِمِ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ الصَّمَدِ بْنُ عَبْدِ الْوَارِثِ حَدَّثَنِي أَبِي حَدَّثَنِي حُسَيْنُ الْمُعَلِّمُ عَنْ يَحْيَى بْنِ أَبِي  
كَثِيرٍ عَنْ الْأَوْزَاعِيِّ عَنْ يَعِيشَ بْنِ الْوَلِيدِ عَنْ أَبِيهِ عَنْ مَعْدَانَ بْنِ أَبِي طَلْحَةَ عَنْ أَبِي  
الدَّرْدَاءِ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَاءَ فَأَفْطَرَ قَالَ فَلَقِيتُ ثَوْبَانَ بِمَسْجِدِ دِمَشْقَ  
فَذَكَرْتُ ذَلِكَ لَهُ فَقَالَ صَدَقَ أَنَا صَبَبْتُ لَهُ الْوَضُوءَ قَالَ عَبْدُ اللَّهِ إِذَا اسْتَقَاءَ

বাংলা

১৭৬৫. মা'দান ইবনু তালহা (রাহি.) আবু দারদা রাযিয়াল্লাহু আনহু হতে বর্ণনা করেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বমি করেন, এরপর রোযা ভঙ্গ করেন। তিনি বলেন, তারপর (একদা) দামেশকের এক মসজিদে আমার সাথে সাওবান রাযিয়াল্লাহু আনহু এর দেখা হয়। আমি তাঁর নিকট এ (হাদীস)টি বর্ণনা করলে তিনি (সাওবান) বলেন, তিনি সত্য বলেছেন। আর ঐ সময় আমি তাঁকে ওযূর জন্য পানি ঢেলে দিয়েছিলাম।[1]  
[আব্দুল্লাহ বলেন: যখন ইচ্ছাকৃত বমি করে।]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী ১১/৪৮৪ ও সহীহ ইবনু হিব্বান নং ১০৯৭ এবং মাওয়ারিদুয যাম'আন নং ৯০৮ তে। সেখানে আমরা ছাওবান রা: এর হাদীসের তাখরীজ দিয়েছি এবং এর শাহিদ হাদীসসমূহও উল্লেখ করেছি।

((আবু দাউদ, সিয়াম ২৩৮১; দারকুতনী, সিয়াম ২/১৮১ নং ৫; আবু তাইয়েব 'হামিশ দারকুতনী' ২/১৮১ তে বলেন: ইবনু মানদাহ বলেন, এর সনদ সহীহ মুত্তাসিল।; তিরমিযী বলেন: 'জাওদাহ হুসাইন হলেন মুয়াল্লিম আর তিনি এ বাবের মধ্যে সবচেয়ে সহীহ।' আহমাদ ও অনুরূপ বলেছেন। আর বাইহাকী বলেন: সঠিক কথা হলো,

ইচ্ছাকৃত বমিকারী ব্যক্তির উপর (কাযার) দায়িত্ব রয়েছে।'- ফাওয়ায আহমেদের তাহকীককৃত দারেমী হা/১৭২৮ এর টীকা হতে।-অনুবাদক))

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ মা'দান ইবনু তলহাহ আল ইয়া'মুরী (রহ.)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82048>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন